

বাংলাদেশে ফ্লাইট চালুর অনুমোদন পেয়েছে এয়ারসিয়াল

- A Monitor Desk Report

Date: 31 May, 2025



ঢাকাঃ ফ্লাই জিলাহর পর ঢাকা-করাচি রুটে এয়ার সিয়ালকে সরাসরি ফ্লাইট পরিচালনার অনুমোদন দিয়েছে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)।

সম্প্রতি পাকিস্তানের বেসরকারি উড়োজাহাজ সংস্থা 'এয়ার সিয়াল'-কে এ অনুমোদন দেওয়া হয়। তার আগে গত ৩ ফেব্রুয়ারি ঢাকা-করাচি রুটে উড়োজাহাজ চলাচলের অনুমতি পায় ফ্লাই জিলাহ।

বেবিচক সূত্রে জানায়, তাদের ফ্লাইট পরিচালনার অনুমোদন দেওয়া হয়েছে। প্রক্রিয়া অনুযায়ী তারা জিএসএ নিয়োগ করে ফ্লাইটের স্লটের জন্য আবেদন করবে। শুধু পাকিস্তান নয়, এয়ার সিয়ালের মাধ্যমে বাংলাদেশের যাত্রীরা পাকিস্তানে ট্রানজিট নিয়ে বিশ্বের বিভিন্ন দেশে যেতে পারবে।

বেবিচক সূত্রে জানা গেছে, ২০১৫ সালের আগস্টে যাত্রা শুরু করে 'এয়ার সিয়াল'। এটি একটি লাইসেন্সপ্রাপ্ত উড়োজাহাজ সংস্থা, যা অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে যাত্রী ও পণ্য পরিবহন করে থাকে।

এর আগে চলতি বছরের ২ সেপ্টেম্বর ঢাকায় নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার আহমদ মারুফ স্বরাষ্ট্র উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেন। ওই বৈঠকে তিনি পারস্পরিক সম্পর্ক এবং ব্যবসায়িক স্বার্থে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে পুনরায় সরাসরি ফ্লাইট চালুর ওপর জোর দেন।

পাকিস্তানের সর্বশেষ রাষ্ট্রায়ত্ত্ব সংস্থা 'পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইনস' (পিআইএ) ২০১৮ সালে বাংলাদেশ-পাকিস্তান সরাসরি ফ্লাইট পরিচালনা করত। তবে যাত্রীসংখ্যা কমে যাওয়া এবং আর্থিক ক্ষতির অজুহাতে সে বছরই পিআইএ রুটটি বন্ধ করে দেয়।

পরবর্তীতে নতুন করে সরাসরি ফ্লাইট চালুর বিষয়টি সামনে আনে ফেডারেশন অব পাকিস্তান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফপিসিসিআই)।

